



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

ভিজিট্যান্স এন্ড কন্ট্রোল ডিভিশন
(মানি লন্ডারিং প্রতিরোধ কেন্দ্রীয় পরিপালন ইউনিট)
প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৯৫৫১০৯৪, ৯৫৮৬৪৩১
পিএফিএক্স : ৯৫৫০৪২৬-৩১, ৩৩-৩৪/এক্সঃ ৩০৯১
ফ্যাক্স : ৮৮-০২-৯১১৫৫১৯, SWIFT : BSONBDDH
E-mail : dgmvc@sonalibank.com.bd

প্রধান কার্যালয়ের ইন্সট্রুয়ার নং-১৭৫

তারিখ : ২৮ পৌষ, ১৪২১
১১ জানুয়ারি, ২০১৫

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
প্রিন্সিপাল, স্টাফ কলেজ/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
স্থানীয় কার্যালয়/সকল জেনারেল ম্যানেজার'স অফিস/
সোনালী ইনভেস্টমেন্ট লিঃ/স্টাফ কলেজ/
সকল প্রিন্সিপাল অফিস/ সকল আঞ্চলিক কার্যালয়/
সকল ট্রেনিং ইনস্টিটিউট/ সকল কর্পোরেট শাখা/
সকল শাখা, বাংলাদেশ।

ই-মেইল/ফ্যাক্স/কুরিয়ার

বিষয় : মানিলান্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ তফসিলী ব্যাংক কর্তৃক অনুসরণীয় বিধান সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের জারীকৃত মাস্টার সার্কুলার এর আলোকে এই ব্যাংক কর্তৃক ইন্সট্রুয়ার জারী প্রদান।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ২৮.১২.২০১৪ তারিখের বিএফআইইউ সার্কুলার নং-১০, মানিলান্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনীসহ) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং এই আইন ও আইনের আওতায় জারীকৃত বিধিমালায় সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে বাংলাদেশের সকল তফসিলী ব্যাংকের জন্য অনুসরণীয় নির্দেশনাসমূহ মানিলান্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হয়েছে। উক্ত সার্কুলারে নিম্নবর্ণিত বিষয়সমূহ সম্পর্কে বিস্তারিত বর্ণিত হয়েছে :

০১. মানিলান্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা মনোনয়ন।
০২. মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বা এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত ব্যাংকসমূহের জন্য করণীয়।
০৩. গ্রাহক নির্বাচন নীতিমালা।
০৪. গ্রাহক পরিচিতি ও গ্রাহকের সংজ্ঞা।
০৫. Customer Due Diligence.
০৬. গ্রাহকের হিসাব পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী।
০৭. সশরীরে অনুপস্থিত বা পূর্ববর্তী গ্রাহকের ক্ষেত্রে করণীয়।
০৮. নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয়।
০৯. Political Exposed Persons (PEPs) এর ক্ষেত্রে করণীয়।
১০. প্রভাবশালী ব্যক্তির ক্ষেত্রে করণীয়।
১১. আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয়।
১২. Correspondent Banking এর ক্ষেত্রে করণীয়।
১৩. বিদেশে অবস্থিত ব্যাংক শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে করণীয়।
১৪. লেনদেন মনিটরিং।
১৫. নগদ লেনদেন রিপোর্টিং (CTR), সন্দেহজনক লেনদেন রিপোর্টিং (STR), Self Assessment এবং Independent Testing Procedures এর ক্ষেত্রে শাখাসমূহের করণীয়, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয়, কেন্দ্রীয় পরিপালন ইউনিটের করণীয়।
১৬. ওয়্যার ট্রান্সফার বিষয়ক সংজ্ঞা, আন্তর্দেশীয় ওয়্যার ট্রান্সফার, অভ্যন্তরীণ ওয়্যার ট্রান্সফার, অর্ডারিং, ইন্টারমিডিয়ারী ও বেনিফিসিয়ারী ব্যাংকের করণীয়।
১৭. সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে করণীয়।
১৮. নিয়োগ ও প্রশিক্ষণ।
১৯. শিক্ষণ - ব্যাংক গ্রাহক।
২০. রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য / দলিলাদি সংরক্ষণ।


২.০০: এছাড়া, হিসাব খোলার ফরম, লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile – TP), গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form) সংশোধনপূর্বক নতুন আধিকার নমুনা ফরম সংযোজন করা হয়েছে। Self Assessment Reporting, Independent Testing Reporting, STR Form এ আংশিক সংশোধন আনা হয়েছে।


৩.০০: বিএফআইইউ সার্কুলার নং-১০ ই-মেইলে attachment হিসেবে এতদসঙ্গে প্রেরণ করা হল। তাছাড়া তা বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট www.bangladeshbank.org.bd হতে ডাউনলোড করা যাবে। উক্ত সার্কুলারটি সোনালী ব্যাংকের ওয়েব সাইটেও (www.sonalibank.com.bd) আপলোড করা হয়েছে।

৪.০০: প্রতিটি আঞ্চলিক কার্যালয় / প্রিন্সিপাল অফিস তাদের আওতাধীন শাখাসমূহে এ ইন্সট্রুয়ার প্রাপ্তি সম্পর্কে সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার'স অফিসকে পত্র প্রদানের মাধ্যমে নিশ্চিত করবে। তবে যে সকল শাখায় এ ইন্সট্রুয়ার ডাউনলোড করার ব্যবস্থা নেই সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় / প্রিন্সিপাল অফিস উক্ত ইন্সট্রুয়ার হার্ড কপি প্রেরণ নিশ্চিত করবে। সকল শাখা, কর্পোরেট শাখা, প্রিন্সিপাল অফিস ও আঞ্চলিক কার্যালয়ে এই ইন্সট্রুয়ার প্রাপ্তি সম্পর্কে জেনারেল ম্যানেজার'স অফিসসমূহ কর্তৃক আগামী ২০.০১.২০১৫ তারিখের মধ্যে প্রত্যয়নপত্র এই বিভাগে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, এই ইন্সট্রুয়ারের আলোকে সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক তাদের আওতাধীন সকল শাখাকে মানিলান্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবে। এই নীতিমালা পরিপালন ও অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

আপনাদের বিশ্বস্ত,


(টি.এম. আফজাল হোসেন)
জেনারেল ম্যানেজার


(এস, এইচ, এস, আবু জাফর)
ডেপুটি জেনারেল ম্যানেজার